রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা,ঢাকা
[মূসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]

মুজিব শতবর্ষ MUJIB 100

ইমেইল/জিইপি/বাহক মারফত

নথি নং:-০৮.০১.০০০০.০৭৫.০৪.০০২.১৯ (অংশ-১) / ৯৬৩

তারিখ: ২৮ জুলাই ২০২২

**বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রেরণ।**

সূত্র: (১) নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের পত্র নং-৩৪৮, তারিখ: ১৮/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এর ২০২২-২০২৩ অর্থবছরের চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির স্বাক্ষরিত কপি এতদসংগে সংযুক্ত করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ....০৭.....পাতা।

28.07.2022

[মো: ফয়সাল বিন রহমান]
দ্বিতীয় সচিব
মূসক মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়

**প্রাপক:**
জনাব এস. এম আব্দুল কাদের
উপসচিব
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা,
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ( জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০২। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র


আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ এই তিন অর্থবছরে ৪১৮ টি প্রতিষ্ঠানের নিরীক্ষা/ তদন্ত কার্যক্রম সম্পন্ন করেছে; যার প্রেক্ষিতে উদঘাটিত রাজস্বের পরিমাণ ৩৩৬৮,৩০,২৮,৯৩৯ টাকা। এর মধ্যে ইতোমধ্যে ৩৬০,৬৫,৫৪,৯৬৫ টাকা আহরণ হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে কুমিল্লা কমিশনারেটের আওতাধীন ২ টি মার্কেটে ২০০ টি প্রতিষ্ঠানে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জরিপে ১ টি প্রতিষ্ঠানেরও ১৩ ডিজিটের ভ্যাট নিবন্ধন নেই। জরিপ কার্যক্রমের সামগ্রিক ফলাফলটি কুমিল্লা কমিশনারেটে প্রতিটি মার্কেটে অস্থায়ী বুথ স্থাপন করে নিবন্ধন প্রদান ও রাজস্ব আহরণ মনিটরিং করা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারণা চালানো এবং আইন না মেনে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কঠোর বিধান প্রয়োগ করার জন্য অনুরোধ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে সর্বমোট ২৫ টি মার্কেটে ১৫,৪৮২ টি প্রতিষ্ঠানে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জরিপে ১৩ ডিজিটের ভ্যাট নিবন্ধন পাওয়া- ২,৫১১ টি প্রতিষ্ঠানের; যার মধ্যে মাত্র ১২৩ টি প্রতিষ্ঠান ৫,০০০ টাকার উর্ধ্বে ভ্যাট প্রদান করে। মোট নিবন্ধনযোগ্য সচল প্রতিষ্ঠানের তুলনায় নিবন্ধিত প্রতিষ্ঠানের হার মাত্র ১৬.২২% অর্থাৎ অনিবন্ধিত প্রতিষ্ঠানের হার ৮৩.৭৮%। জরিপ কার্যক্রমের সামগ্রিক ফলাফলটি জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে প্রেরণ করার পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে ভ্যাট নিবন্ধনের হার বৃদ্ধি এবং ভ্যাট আহরণ জোরদার হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

এ দপ্তরের পর্যাপ্ত জনবল না থাকায় সারাদেশব্যাপী কার্যক্রম গ্রহণে ব্যাহত ঘটছে; এ দপ্তরের পর্যাপ্ত যানবাহন না থাকায় করোনার সময়ে চলাচলে বিঘ্ন ঘটেছে; গোয়েন্দা, তদন্ত ও নিরীক্ষা কাজে প্রয়োজনীয় দক্ষ জনবল; পর্যাপ্ত সোর্স মানির অভাব; আধুনিক সুবিধা সংবলিত ডাটা ফরেনসিক ল্যাব ও ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম; অন্যান্য দপ্তরে কোন প্রতিষ্ঠানের তথ্য চাওয়া হলে তা তাৎক্ষণিকভাবে পাওয়া যায় না।বৈশ্বিক মহামারীর কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাদেশব্যাপী অর্থনৈতিক কর্মকান্ড স্থবির হওয়ার আশঙ্কা রয়েছে; বিভিন্ন প্রতিষ্ঠান কেন্দ্রীয়ভাবে নিবন্ধনের ফলে রাজস্ব ফাঁকি হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

নিরীক্ষা কার্যক্রম গতিশীল করার মাধ্যমে চলমান নিরীক্ষা সম্পন্ন করা; বৃহৎ করদাতা প্রতিষ্ঠানের দাখিলপত্র পর্যালোচনা করে ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান/ খাত চিহ্নিত করে আগামী ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছরে ৪৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হবে; একইসময়ে ২০০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিবারণ ও তদন্ত কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাজস্বফাঁকি উদ্ঘাটন করা হবে; এছাড়াও এই তিন অর্বথছরে অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ১৮০ টি'রও অধিক প্রতিষ্ঠানের অনুসন্ধান কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাজস্বফাঁকি উদ্ঘাটন করা হবে। সারাদেশব্যাপী বিভিন্ন মার্কেটে জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে ব্যাপক সংখ্যক প্রতিষ্ঠানকে ভ্যাট নিবন্ধন গ্রহণে উদ্বুদ্ধকরণ; বিভিন্ন উৎস থেকে মূসক ফাঁকির গোয়েন্দা তথ্য সংগ্রহ জোরদার করা ও তাদের আইনের আওতায় আনা; সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও দাপ্তরিক ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ; মূসক গোয়েন্দার কার্যক্রমকে এই তিন অর্থবছরের মধ্যেই শতভাগ অটোমেশনে আনা হবে; প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করে গুণগতমান সম্পন্ন নিরীক্ষা ও তদন্ত নিশ্চিতকরণ।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব ফাঁকিরোধে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে;
- ১৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা;
- একইসময়ে ৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিবারণ ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা;
- অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা;
- সারাদেশব্যাপী বিভিন্ন মার্কেটে জরিপ কার্যক্রম পরিচালনার করে ভ্যাট নিবন্ধন গ্রহণে উদ্বুদ্ধকরণ;
- হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট ও নিরীক্ষা কার্যক্রমকে অটোমেশনের আওতায় নিয়ে আসা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত কার্যক্রম নির্ভর একটি আধুনিক করদাতা বান্ধব এবং ব্যবসা বান্ধব প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

মূল্য সংযোজন কর ফাঁকি রোধকল্পে নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত কার্যক্রমের মাধ্যমে সরকারের রাজস্ব আহরণ বৃদ্ধি, বিদ্যমান আইন ও বিধির পরিপালন নিশ্চিতকরণের মাধ্যমে রাজস্ব ফাঁকি প্রতিহতকরণ এবং করদাতা বান্ধব পরিবেশ সৃজনের মাধ্যমে দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. মূসক নিরীক্ষা বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ
২. মূসক নিবারণ ও তদন্ত বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ
৩. মূসক প্রশাসন অটোমেশন করণ
৪. পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও সেবা কার্যক্রম
৫. কর্মকর্তা-কর্মচারীদের ট্রেইনিং প্রদান ও করদাতাবান্ধব করণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা পরিপালনে করদাতাগণকে উদ্বুদ্ধকরণ ;
২. গোয়েন্দা তথ্য সংগ্রহের মাধ্যমে রাজস্ব ফাঁকি/পরিহার প্রতিহতকরণ ;
৩. নিবিড় নিরীক্ষার মাধ্যমে রাজস্ব ঝুকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের প্রকৃত করদায়িতা নিরূপণ;
৪. করদাতা কর্তৃক মূল্য সংযোজন কর আইন ও বিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণ ;
৫. সার্বিক কর্মতৎপরতার মাধ্যমে সরকারের রাজস্ব সুরক্ষা নিশ্চিতকরণ।
৬. দপ্তর/সংস্থার ই-ফাইলিং বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ২০২৫ সালের মধ্যে কর জিডিপি'র অনুপাত বৃদ্ধি | কর জিডিপি'র অনুপাত বৃদ্ধি | শতকরা হার | ৮.৬৩ | ৯.২৯ | ৯.৫৪ | ১০.১৭ | ১০.৩৫ | অ্যাটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, মহা হিসাব নিয়ন্ত্রকের দপ্তর | জিডিপি ও জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আহরণনীতি বিবৃতি ২০২১-২০২২ হতে ২০২২-২০২৩ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] মূসক নিরীক্ষা বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ | ২৫ | [১.১] মূসক নিরীক্ষা সম্পন্ন করা | [১.১.১] মূসক নিরীক্ষার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২৫ | | | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৭৫ | ১৩৫ | ১৫০ |
| [২] মূসক নিবারণ ও তদন্ত বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ | ১৫ | [২.১] নিবারণ ও তদন্ত কার্যক্রম করা | [২.১.১] নিবারণ ও তদন্তের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১৫ | | | ৪৮ | ৪৩ | ৩৮ | ৩৪ | ২৯ | ৬০ | ৭০ |
| [৩] মূসক প্রশাসন অটোমেশন করণ | ১০ | [৩.১] ভ্যাট অনলাইন সিস্টেম, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড , ডিভিএস সিস্টেম, অফিস ম্যানেজমেন্ট সিস্টেম ও বাংলাদেশ সরকারের অন্যান্য প্রযুক্তিগত সুবিধা গ্রহণ | [৩.১.১] ডাটাবেজ ব্যবস্থাপনা ও ই-লার্নিং | সমষ্টি | শতকরা | ১০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [৪] পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও সেবা কার্যক্রম | ১০ | [৪.১] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান ও জরিপ কার্যক্রম | [৪.১.১] অনুসন্ধানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৮ | | | ৪৮ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৫৫ | ৬০ |
| | | | [৪.১.২] মার্কেট জরিপের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | ৩ | ২ | ২ | ৬ | ৭ |
| [৫] কর্মকর্তা-কর্মচারীদের ট্রেইনিং প্রদান ও করদাতাবান্ধব করণ | ১০ | [৫.১] কর্মকর্তা-কর্মচারীদের ইনহাউস ট্রেনিং প্রদান, সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন ও রাজস্ব মিটিং | [৫.১.১] ইন-হাউজ ট্রেনিং প্রদান | সমষ্টি | জনঘণ্টা | ৫ | | | ৬০ | ৫০ | ৪৫ | ৪২ | ৪০ | ৬৫ | ৭০ |
| | | | [৫.১.২] রাজস্ব মিটিং | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড হিসাবে মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর<br>ড. মোঃ আব্দুর রউফ<br>মহাপরিচালক<br>নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর,<br>মূল্য সংযোজন কর, ঢাকা | 26/07/2022<br>তারিখ |
| জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য<br>(মূসক বাস্তবায়ন ও আইটি)<br>ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড<br>ড. মইনুল খান<br>সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)<br>জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | 25/07/2022<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-পেমেন্ট | ইলেক্ট্রোনিক পেমেন্ট |
| ২ | ই-ফাইলিং | ইলেক্ট্রোনিক ফাইলিং |
| ৩ | ভ্যাট | ভ্যালু এ্যাডেড ট্যাক্স |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মূসক নিরীক্ষা সম্পন্ন করা | [১.১.১] মূসক নিরীক্ষার সংখ্যা | | |
| [২.১] নিবারণ ও তদন্ত কার্যক্রম করা | [২.১.১] নিবারণ ও তদন্তের সংখ্যা | | |
| [৩.১] ভ্যাট অনলাইন সিস্টেম, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড , ডিভিএস সিস্টেম, অফিস ম্যানেজমেন্ট সিস্টেম ও বাংলাদেশ সরকারের অন্যান্য প্রযুক্তিগত সুবিধা গ্রহণ | [৩.১.১] ডাটাবেজ ব্যবস্থাপনা ও ই-লার্নিং | | |
| [৪.১] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান ও জরিপ কার্যক্রম | [৪.১.১] অনুসন্ধানের সংখ্যা | | |
| | [৪.১.২] মার্কেট জরিপের সংখ্যা | | |
| [৫.১] কর্মকর্তা-কর্মচারীদের ইনহাউস ট্রেনিং প্রদান, সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন ও রাজস্ব মিটিং | [৫.১.১] ইন-হাউজ ট্রেনিং প্রদান | | |
| | [৫.১.২] রাজস্ব মিটিং | | |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ